

২১ জুলাই নিয়ে হাইকোর্টে মমতা-তৃণমূল

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাইঃ রাজ্যের কাছে ভিক্টোরিয়া হাউসের সামনে ধর্মতলা মোড়ের কাছে প্রত্যেকবারের মতো ২১ জুলাই পালনের আবেদন জানিয়েছিল আদি তৃণমূল। একই আবেদন জানানো হয়েছিল নব তৃণমূলের তরফেও। তরজার মাঝে অবশ্য দু’পক্ষকের আবেদনই খারিজ করে দিয়েছিল রাজ্য। এবার ২১ জুলাই ধর্মতলায় সভার অনুমতি চেয়ে হাইকোর্টে মামলা কালাইট তৃণমূল কংগ্রেসের। ১৯ জুলাই থেকে প্রস্তুতি কাজ এবং ২১ জুলাই সভার অনুমতি চেয়ে মামলা তৃণমূল সাংসদ তথা জাতীয় মুখ্য সম্পাদক ডেকের ও’ব্রায়নের’রা। বিচারপতি সৌগত ভট্টাচার্য বৈধতা করে হয়েছে মামলা। ৩০ জুন ধর্মতলা মিটিং মিছিল না করার যে নোটিস লালবাজার দিয়েছে তা প্রত্যাহার বা তার ওপর হাইকোর্টের হস্তক্ষেপ



চেয়ে এই আবেদন করা হয়েছে। পুলিশ কোন কোন ইনপুটের ওপর নিষেধাজ্ঞা পাপাচ্ছে ধর্মতলা চত্বরে, সেগুলি আদালত পেশ করার আবেদন। জানা গিয়েছে, আগামী সপ্তাহে মামলার শুনানির সম্ভাবনা। অন্যদিকে, ধর্মতলায় ভিক্টোরিয়া হাউসের সামনে ২১ জুলাই পালনের আবেদন সরকার খারিজ করার পরে নতুন কোনও জায়গায় শহিদ দিবস পালন করা যায় কি না, তা নিয়ে আলোচনা করতে গত পরশুই নবমে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠক করেন স্বতন্ত্রত বন্দ্যোপাধ্যায়রা। সুত্রের খবর, ৩টি জায়গার প্রস্তাব দেওয়া হয়েছে তাঁদের তরফে। কিন্তু কোথায় ২১ জুলাইয়ের সভা হবে তা এখনও নিশ্চিত হয়নি বলেই সুত্রের খবর। বৈঠকে ছিলেন স্বতন্ত্রত বন্দ্যোপাধ্যায়, অরুণ রায়, আবদুলজামান, বিপ্লব মিত্র, জায়েদ খান, সদৃশন সাহা। সপ্তাহখানেক আগেই কলকাতা পুলিশের তরফে কালাইটপল্লি তৃণমূল ও স্বতন্ত্রতপল্লি তৃণমূল কাউকেই অনুমতি দেওয়া হয়নি।

রাজেশকে দেখতে হাসপাতালে ইন্দ্রনীল খাঁ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাইঃ বিষাক্ত পোকাদ কামড়ে গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি অভিনেতা রাজেশ শর্মা। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশে শুক্রবার দুপুরে অভিনেতাকে হাসপাতালে দেখতে গেলেন রাজ্যের চীফমন্ত্রী ইন্দ্রনীল খাঁ। মুখ্যমন্ত্রীর তরফে অভিনেতা রাজেশ শর্মাকে দ্রুত সুস্থ হয়ে ওঠার শুভরামনা জানানো ক্রীডামন্ত্রী। এ দিন সোম্যোল মিডিয়ায় পোস্ট করে মুখ্যমন্ত্রী লেখেন, ‘রাজেশ শর্মাজির দ্রুত আরোগ্য এবং সুস্থতা কামনা করছি। প্রার্থনা করছি তিনি যেন দ্রুত সম্পূর্ণ সুস্থ হয়ে ওঠেন।’ সুত্রের খবর, হাসপাতালে পৌঁছে রাজেশ



শর্মার শারীরিক অবস্থার খোঁজ নেন মন্ত্রী। চিকিৎসকদের সঙ্গেও কথা বলে তার চিকিৎসার অগ্রগতি সম্পর্কে বিস্তারিত জানেন তিনি। জানা গিয়েছে, হায়দরাবাদে ‘ক্লোজি’ সিনেমার শটিং করার সময়ে অসুস্থ হয়ে পড়েন রাজেশ। সংক্রমণ বাড়তে থাকায় কলকাতায় এনে তড়িঘড়ি তাকে একটি হাসপাতালে ভর্তি করানো হয়। বিষাক্ত মাকড়সার কামড় থেকে এমন মারাত্মক পরিস্থিতি হয়েছে বলে জানা গিয়েছে। হাসপাতাল সুত্রে খবর আগের চেয়ে অনেকটাই ভালো।

কালীঘাট তৃণমূলের আরও ১২টি ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করল পুলিশ

১,০০০ কোটিরও বেশি টাকা ছোঁয়া যাবে না

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাইঃ হাইকোর্টের নির্দেশে তিনটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট নিয়ে সাময়িক স্থগিত মিলেও, চব্বিশ ঘণ্টা কাটতে না কাটতেই ফের ফ্যাসাদে কালীঘাট তৃণমূল। তদন্তের স্বার্থে এবার আরও ১২টি ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করল পুলিশ। মূলত সন্দেহজনক লেনদেনের অভিযোগ তুলে স্বতন্ত্রত শিবিরের এক তৃণমূল বিধায়ক পুলিশের কাছে অভিযোগ দায়ের

করেছিলেন। তার সেই রিপোর্টের ভিত্তিতেই প্রথমে ৩টি এবং এবার নতুন করে আরও ১২টি অ্যাকাউন্ট ফ্রিজ করা হল। রাজ্য পুলিশ সুত্রে জানা গিয়েছে, তদন্তের প্রয়োজনে নতুন করে এই ১২টি ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করার জন্য সংশ্লিষ্ট বেসরকারি ও রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্ক কর্তৃপক্ষকে আবেদন জানানো হয়েছিল। পুলিশের সেই আইনি

আবেদনে সাড়া দিয়ে অ্যাকাউন্টগুলির লেনদেন শুরু করেছে ব্যাঙ্ক কর্তৃপক্ষ। সব মিলিয়ে এ পর্যন্ত মোট ১৫টি ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করল পুলিশ। রাজ্য পুলিশের দাবি, এই ১৫টি ব্যাঙ্ক অ্যাকাউন্টে সব মিলিয়ে ১,০০০ কোটি টাকারও বেশি অর্থ রয়েছে। নতুন করে ফ্রিজ করা ১২টি অ্যাকাউন্টের বিস্তারিত তথ্য ও বিগত দিনের লেনদেনের খতিয়ান চেয়ে সংশ্লিষ্ট ব্যাঙ্ক



কর্তৃপক্ষের কাছে নোটিস পাঠিয়েছে পুলিশ। এর আগে পুলিশের নির্দেশে ফ্রিজ হওয়া প্রথম ৩টি অ্যাকাউন্টে প্রায় ৪৪০ কোটি টাকা রয়েছে বলে জানা গিয়েছে। সেই নির্দেশের ফলে চ্যালেঞ্জ করে আদালতের দ্বারস্থ হয়েছিল কালীঘাট তৃণমূল। বৃহস্পতিবার হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য নির্দেশ দেন, দল

●এরপর ৬ পাতায়...

সিপিএম-বিজেপির সাচ্চা কর্মীদের সম্মান, কিন্তু দলবদলুরা ‘গিরগিটি’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাইঃ বৃহস্পতিবারই সুস্মিতা দেব, সুখেশদুশেখর রায় এবং প্রকাশ চিক বরহিকের মত তিন প্রাক্তন তৃণমূল সাংসদ পদ্ম শিবিরে যোগ দিয়েছেন। যোগ দেওয়ার পরেই তাঁদেরকে রাজ্যসভার প্রার্থী হিসেবে ঘোষণা করেছে বিজেপি। আর কয়েক ঘণ্টার মধ্যেই চব্বিশ ঘণ্টা কাটতে না কাটতেই তাঁদের নাম না করে সোশাল মিডিয়ায় এক বিস্ফোরক ও বেনজির পোস্ট করলেন তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। এগ্ন হ্যাভেলে তাঁর করা এই পোস্ট দলবদলুদের ‘গিরগিটি’ ও ‘বিশ্বাসঘাতক’ বলে তাঁর আক্রমণ শানিয়েছেন তিনি। কুণাল ঘোষ তাঁর পোস্টে স্পষ্ট করে দিয়েছেন, ‘রাজনীতিতে মতপার্থক্য বা লড়াই থাকতেই পারে, কিন্তু ক্ষমতার লোভে যারা বারবার রঙ বদলায়,

সমাজে তাদের কোনও সম্মান থাকে না। রাজনৈতিক কর্মীদের সম্মান নিয়ে এক দীর্ঘ পোস্টে কুণাল পাঁচটি বিশেষ ক্ষেত্রের উল্লেখ করেছেন। তিনি লিখেছেন, ‘১৯৭৭ সালের পর থেকে যারা বাংলায় শত প্রতিকূলতার মধ্যেও কংগ্রেস করছেন, সেই নেতা-কর্মীদের রাজনৈতিক সম্মান ছাড়া এবং থাকবে। ২০১১ সালে ক্ষমতা হারানোর পর আজও যারা সিপিএম বা বামফ্রন্ট করছেন, লোকসভা বা বিধানসভায় আসন সংখ্যার বিতর্কের উর্ধ্বে গিয়েও তাঁদের লড়াইকে সম্মান জানাতে হয়। সুকুমার বন্দ্যোপাধ্যায়, বিষ্ণুকান্ত শাস্ত্রী বা তপন শিকদারদের জমানা থেকে যারা সাচ্চা বিজেপি করে আসছেন এবং ২০২১-এর বিপর্যয়ের পরেও দল ছাড়েননি, তাঁরা রাজনৈতিক কর্মী হিসেবে যথাযথ সম্মান পাওয়ার যোগ্য।’ তিনি

সুখেন্দু-সুস্মিতাদের নাম না করে তোপ কুণালের



আরও লেখেন, ‘এসইউসিআই বা সিপিআইএমএল লিবারেশনের মতো দলের কর্মীরা ক্ষমতার অলিঙ্গনে না থেকেও যেভাবে

শ্রেফ আদর্শ ও নীতির ওপর দাঁড়িয়ে লড়াই করেন, তাঁদের রাজনৈতিক সত্তা কুর্নিশ পায়। পাশাপাশি, চলতি বছরের ৪ মে-র পর, বিশেষত এত কেন্দ্রীয় চক্রান্তের মুখে দাঁড়িয়েও যারা মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশে থেকে তৃণমূল কংগ্রেস করছেন, তাঁরা আপাতদৃষ্টিতে কোণঠাসা হলেও মেরুদণ্ড সোজা রাখার সম্মান ছাচ্ছেন এবং পাবেন।’ ভিন্ন মতাদর্শের কর্মীদের সম্মান জানানোর পাশাপাশি দলবদলুদের উদ্দেশ্যে কুণাল ঘোষের শব্দবাণ ছিল মারাত্মক। তিনি লিখেছেন, ‘ক্ষমতার সঙ্গে রংবদলকারী গিরগিটিরা, তারা পদ, চেয়ার যতই পাক, এই বিশ্বাসঘাতকদের রাজনৈতিক সম্মান বলে আর কিছু অবশিষ্ট থাকে না। এরা যে পদটাকে প্রাপ্তি বলে ভাবে, মানুষের কাছে কর্মীরা ক্ষমতার অলিঙ্গনে না থেকেও যেভাবে

রাজনৈতিক মহলের মতে, নাম না নিলেও কুণালের এই আক্রমণের তির যে গতকাল বিজেপিতে যাওয়া সুখেন্দুশেখর-সুস্মিতাদের দিকেই, তা নিয়ে কোনও সন্দেহের অবকাশ নেই। প্রসঙ্গত, বৃহস্পতিবারই রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্যের হাত ধরে আনুষ্ঠানিকভাবে গেরুয়া পর্ষদে হাতে তুলে নেন সুস্মিতা দেব, সুখেন্দুশেখর রায় ও প্রকাশ চিক বরহিক। যোগদানের কয়েক ঘণ্টার মধ্যেই বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব তাঁদের রাজ্যসভার টিকিটও দিয়ে দেয়। নির্বাচনের পর যেখানে বিজেপি দাবি করেছিল দলবদলুদের জন্য দরজা বন্ধ, সেখানে এই দিনে হেভিওয়েটকে দলে নেওয়া কি দ্বিচারিতা নয়? এই প্রশ্নের জবাবে বিজেপির রাজ্য সভাপতি শমীক

●এরপর ৬ পাতায়...

‘আমাকে যেন ডিম মারা না হয়’

ডিজে মামলায় হাইকোর্টের চরম ভর্ৎসনার মুখে অভিষেক



নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাইঃ ‘ডিজে’ মামলায় কঠোরের নমুনা দেওয়ার নির্দেশকে চ্যালেঞ্জ করতে গিয়ে কলকাতা হাইকোর্টে নজিরবিহীন ও চরম অসম্মিতক ভর্ৎসনার মুখে পড়লেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। শুক্রবার শুনানির শুরুতে আদালত তাঁকে কড়া ভাষায় ভর্ৎসনা করে স্পষ্ট জানিয়ে দেয়, তদন্তে সহযোগিতা না করলে তাঁকে দেওয়া আইনি রক্ষাকবচ তুলে নেওয়া হবে। তবে মামলার শুনানির একদম শেষ লগ্নে অভিষেকের আইনজীবীর এক অভূত

আর্জি ঘিরে এখন নেটপাড়ায় জোর চর্চা শুরু হয়েছে। অভিষেকের আইনজীবী আদালতে জানান, তাঁর মক্কেল তদন্তে সহযোগিতা করতে এবং হাজির হতে প্রস্তুত। শুধু একটা বিষয় নিশ্চিত করতে হবে- তদন্তে যাওয়ার সময় জনতা যেন তাঁকে লক্ষ্য করে ‘ডিম’ না ছোড়ে। এই আবেদনের পরেই হাইকোর্ট রাজ্য পুলিশকে আইন-শৃঙ্খলা বজায় রাখার কড়া নির্দেশ দিয়েছে। শুক্রবার হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্যের এজলাসে এই মামলার শুনানি ছিল। ম্যাজিস্ট্রেট আদালতের ভয়েস স্যাম্পল দেওয়ার নির্দেশকে চ্যালেঞ্জ করে অভিষেক আবেদন করায় চরম ক্ষোভ

●এরপর ৬ পাতায়...

পুরপ্রশাসক দিয়ে আর নয়!

ভাটপাড়া থেকে কাঁচড়াপাড়া, নভেম্বরে ভোটের ইঙ্গিত অর্জনের



নিজস্ব প্রতিনিধি, উত্তর ২৪ পরগনা, ১০ জুলাইঃ ব্যারাকপুর শিলাঞ্চলের পুরসভাগুলিতে দীর্ঘদিনের অচলাবস্থা কাটাতে এবার বড় পদক্ষেপের ইঙ্গিত দিলেন রাজ্যের নরেন্দ্র শ্রম ও পরিবহন মন্ত্রী অর্জুন সিং। স্পষ্ট জানিয়ে দিলেন, পুরপ্রশাসক বসিয়ে এভাবে বছরের পর বছর পুরসভা চালানো যায় না। তাই আগামী নভেম্বর মাসেই ভাটপাড়া-সহ এই অঞ্চলের একাধিক পুরসভায় নির্বাচন হতে চলছে। ভাটপাড়া পুরসভায় পুর প্রশাসকদের নিয়ে এক উচ্চপর্যায়ের

বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রীতিমতো ধমকের সুরে অর্জুন সিং প্রশ্ন তোলেন, ‘‘পুর্বসভার চেয়ারম্যানের অফিস কি ফাইভস্টার হোটেল? এত বিলাসিতা কিসের জন্য?’’ মন্ত্রী জানান, ব্যারাকপুর শিলাঞ্চলের কাঁচড়াপাড়া, হালিশহর, নৈহাটি, ভাটপাড়া, গারুলিয়া এবং ব্যারাকপুর পুরসভার চেয়ারম্যান থেকে শুরু করে কাউন্সিলররা গণপদত্যাগ করায় নাগরিক পরিষেবা সম্পূর্ণ লাটে উঠেছে। সাধারণ মানুষ চরম ভোগান্তির শিকার হচ্ছেন। অর্জুন সিং সাফ বলেন, ‘‘জনসাধারণের পরিষেবা সচল রাখতে এবং নাগরিক কাজের গতি বাড়াতে

●এরপর ৬ পাতায়...

রাতভর প্রবল বৃষ্টিতে জলমগ্ন কলকাতা

রাস্তাঘাটে দুর্ভোগ, গাছ ভেঙে পড়ে বন্ধ স্ট্যান্ড রোড



নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ জুলাইঃ রাতভর মুঘলবল বৃষ্টিতে কার্বত বিপর্যস্ত কলকাতা। বৃহস্পতিবার রাত থেকে শুরু হওয়া প্রবল বর্ষণে শুক্রবার সকালেই শহরের একাধিক এলাকা জলমগ্ন হয়ে পড়ে। রাস্তার উপর হাটুসমান জল জমে যাওয়ায় যান চলাচল ব্যাহত হয়। অফিসযাত্রী, স্কুল-কলেজের পড়ুয়া থেকে শুরু করে সাধারণ মানুষকে চরম দুর্ভোগের মুখে পড়তে হয়েছে। স্ট্যান্ড রোডে বৃষ্টির দাপটে একটি বড় গাছ উপড়ে পড়ে, যার ফলে কিছু

সময়ের জন্য যান চলাচলে বিঘ্ন ঘটে। কলকাতার বিভিন্ন এলাকায় জল জমে যাওয়ায় পুরসভার পানিশ্র স্টেশনগুলি যুদ্ধকালীন তৎপরতায় জল নামানোর কাজ শুরু করেছে। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, কলকাতায় শুক্রবার প্রায় ৯০ শতাংশ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। শুধু কলকাতাই নয়, গোটা দক্ষিণবঙ্গেই জারি করা হয়েছে হলুদ সতর্কতা। অন্যদিকে উত্তরবঙ্গের একাধিক জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনায় কমলা সতর্কতা জারি হয়েছে। আবহাওয়াবিদদের মতে, সোমবার পর্যন্ত বৃষ্টি চলতে পারে। হাওয়া অফিসের ব্যাখ্যা অনুযায়ী, পূর্ব

●এরপর ৬ পাতায়...

‘ওরা হয়তো মেরে ফেলবে, তবুও ঢাকায় যাব’ রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে বিস্ফোরক শেখ হাসিনা

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১০ জুলাইঃ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের দেওয়া মৃত্যুদণ্ডের রায় মাথায় ঝুলছে। দেশে ফিরলে প্রেক্ষতার হওয়ার চরম আশঙ্কা, এমনকি প্রাণহানির ঝুঁকিও রয়েছে। কিন্তু সমস্ত জঙ্কনা উড়িয়ে দিয়ে এক অবিশ্বাস্য ও মেগা ঘোষণা করলেন বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আগামী ডিসেম্বর মাসেই তিনি শশরীরে বাংলাদেশে ফিরবেন এবং আদালতের কাছে আত্মসমর্পণ করবেন। আন্তর্জাতিক সংবাদসংস্থা রয়টার্সকে দেওয়া এক ঘণ্টার এক এক্সক্লুসিভ টেলিফোন সাক্ষাৎকারে এই বিস্ফোরক তথ্য নিজেই খোলসা করেছেন শেখ হাসিনা। ২০২৪ সালের ৫ অক্টোবর তাঁর আন্দোলন ও গণবিপ্লবের মুখে ক্ষমতাচ্যুত হয়ে ভারতে

আশ্রয় নেওয়ার পর, এই প্রথম নিজের দেশে ফেরার সুনির্দিষ্ট সময়সীমা জানানেন তিনি। শুধু নিজেই নয়, তাঁর সঙ্গে নির্বাসনে থাকা আওয়ামী লিগের একাধিক শীর্ষ নেতাও বাংলাদেশে ফিরে আত্মসমর্পণ করবেন। রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা তাঁর অনড় অবস্থানের কথা জানিয়ে বলেন, ‘‘ওরা আমাকে প্রেফতার করতে পারে, এমনকি মেরেও ফেলতে পারে। তবু আমাকে ফিরতেই হবে। আমার দলের নেতা-কর্মীদের উপর ভয়াবহ অত্যাচার চলছে। মৃত্যু যদি আসেই, তবে আমি চাই সেটি আমার নিজের মাটিতেই আসুক, যেখানে আমার বাবা-মায়ের কবর রয়েছে এবং তাঁদের রক্ত মিশে আছে।’’ হাসিনা স্পষ্ট করে দিয়েছেন যে, জেল খাটতে তাঁর বিদ্মূর্ত্ত ভয় নেই।



এর আগেও ২০০৭ সালে তৎকালীন তত্ত্বাবধায়ক সরকারের আমলে তাঁকে কারাবাস করতে হয়েছিল এবং সেখান থেকে ফিরে ২০০৮-এর নির্বাচনে জিতে তিনি ক্ষমতায় এসেছিলেন। ২০২৫ সালের

নভেম্বরে বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল শেখ হাসিনাকে অনুপস্থিতিতেই মৃত্যুদণ্ডের রায় শোনায়ে। এই বিচারপ্রক্রিয়ায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এবং সম্পূর্ণ অবিচারে চলবে বলেও তিনি বলেছেন। ‘‘প্রহসন’’ বলে দাবি করেছেন তিনি। হাসিনার কথায়, তিনি আইনি পথেই এই লড়াই লড়তে চান এবং আদালতে আত্মসমর্পণ করার উদ্দেশ্যই হলো এই মামলার পেছনের আসল রাজনৈতিক ষড়যন্ত্র মানুষের সামনে আনা। হাসিনার এই মেগা রিটার্ন প্লানে তাঁর সঙ্গে ফিরতে পারেন তার জমানার প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালও, যার বিরুদ্ধেও বাংলাদেশে ফাঁসির রায় রয়েছে। বাংলাদেশ সরকার ইতিমধ্যেই ভারতের কাছে শেখ হাসিনাকে ফেরত চেয়ে বারবার চিঠি পাঠাচ্ছে। এই প্রসঙ্গে ঢাকা ও

নয়াদিল্লিকে স্পষ্ট বার্তা দিয়ে হাসিনা বলেন, ‘‘ওরা আমাকে ফেরাতে চাইছে। কিন্তু আমাকে পাঠানোর প্রয়োজন নেই, আমি নিজেই ফিরে যাব।’’ এই বিষয়ে তিনি কোনও বিদেশি সরকারের সঙ্গে আলোচনা করেননি বলেও দাবি করেন। বর্তমানে ভারতে অবস্থান করলেও ওপার বাংলার রাজনীতিতে যে তিনি এখনও ছড়ি ঘোরাচ্ছেন, তাও স্পষ্ট করে দিয়েছেন হাসিনা। রয়টার্সকে তিনি জানিয়েছেন, ভারতে বসেই তিনি অনলাইনে বাংলাদেশের ৩০০টি সংসদীয় আসনের মধ্যে অন্তত ১২৫টি আসনের নেতাদের সঙ্গে নিয়মিত ভার্চুয়াল বৈঠক করছেন। নিষিদ্ধ ঘোষিত অবিধিগে কোথাসা করতে কোমর বাঁধে বিরোধী দলগুলি।

●এরপর ৬ পাতায়...

টানা বৃষ্টিতে জলমগ্ন হলদিরাম মোড়, ভোগান্তিতে নিতায়াত্রী ও যানবাহন



নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১০ জুলাইঃ শুক্রবার সকাল থেকে টানা বৃষ্টির জেরে কলকাতার বিভিন্ন এলাকায় জল জমলেও সবচেয়ে বেশি সমস্যা দেখা দেয় ইএম বহিপাস সংলগ্ন হলদিরাম মোড়ে। রাস্তায় হাটুসমান জল জমে যাওয়ায় যান চলাচল ব্যাহত হয় এবং চরম ভোগান্তির মুখে পড়েন অফিসযাত্রী, স্কুল-কলেজের পড়ুয়া ও সাধারণ মানুষ। ব্যস্ত সময়ে ওই এলাকায় দীর্ঘ যানজটের সৃষ্টি হয়।জমা জলের কারণে ছোট গাড়ি, মোটরবাইক, অটো ও বাস ধীরগতিতে চলাচল করতে বাধ্য হয়। বেশ কয়েকটি গাড়ির চাকা জলের নিচে ডুবে যেতে দেখা যায়। ফলে যানবাহন চালকদের পাশাপাশি পথচারীদেরও দুর্ভোগে পড়তে হয়। অনেকেই জল এড়িয়ে বিকল্প পথ ব্যবহার করেন।স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, সামান্য ভারী বৃষ্টি হলেই হলদিরাম মোড়ে জল জমে যায়। নিকশি ব্যবস্থার দুর্বলতার কারণেই বছরের পর বছর এই সমস্যা দেখা দিচ্ছে। দ্রুত ও স্থায়ী সমাধানের দাবি জানিয়েছেন তাঁরা।পরিষ্কৃতি মোকাবিলায় কলকাতা পুরসভার কর্মীরা এবং সম্প্রষ্টি দফতরের কর্মীরা পাম্পের সাহায্যে জল নিষ্কাশনের কাজ শুরু করেছেন। তবে বৃষ্টি অব্যাহত থাকলে পরিস্থিতি আরও জটিল হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। আবহাওয়া দফতর আগামী কয়েক ঘণ্টায় শহর ও সংলগ্ন এলাকায় মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে। পরিস্থিতির উপর নজর রাখছে প্রশান বলো জানি।

নীতিন গড়করির কাছে মাণ্ডি রোডকে জাতীয় সড়ক ঘোষণার আবেদন রেখা গুপ্তার



নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১০ জুলাই : দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা শুক্রবার কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করিকে একটি চিঠি লিখেছেন। তাতে দক্ষিণ দিল্লির মাণ্ডি রোডকে জাতীয় সড়ক হিসেবে ঘোষণা করার আবেদন জানিয়েছেন তিনি। সেইসঙ্গে, এর উন্নয়নের দায়িত্ব ভারতীয় জাতীয় সড়ক কর্তৃপক্ষকে (এনএইচএআই) অর্পণ করারও আবেদন জানিয়েছেন দিল্লির মুখ্যমন্ত্রী। শুক্রবার এই বিষয়ে জানা গেছে।মুখ্যমন্ত্রী তাঁর চিঠিতে উল্লেখ করেছেন, প্রায় ৮.৮ কিলোমিটার দীর্ঘ মাণ্ডি রোড দিল্লি-এনসিআর-এর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কৌশলগত সড়ক করিবে। তিনি বলেন, এই জাতীয় সড়ক হলে প্রতিদিন এই সাঁক ব্যবহারকারীরা আরও উন্নত ও সুগম যাতায়াত ব্যবস্থার সুবিধা পাবেন। সেই সঙ্গে দিল্লি-এনসিআর অঞ্চলে সংযোগ ব্যবস্থা আরও মজবুত হবে এবং আর্থিক অর্থনৈতিক উন্নয়নও নতুন গতিপথে বলে জানান রেখা গুপ্তা।

৪৮ লক্ষ মেট্রিক টন এর বেশি ধান সংগ্রহ

কলকাতা,১০জুলাইঃরাজ্য সরকার চলতি মাসের সরকারি সহায়ক মূল্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কাছ থেকে এখনও পর্যন্ত ৪৮ লক্ষ মেট্রিক টন এর বেশি ধান সংগ্রহ করেছে। খাদ্য ও সরবরাহ দপ্তর থেকে আজ জারি করা এক বিবৃতিতে এমনও পর্যন্ত তিন হাজার ১২২টি ধান সংগ্রহ কেন্দ্রের মাধ্যমে ২৭ লক্ষ ৬ হাজার ৫১৪ জন কৃষকের কাছ থেকে ৪৮ লক্ষ ৬৮ হাজার ২৩৭ মেট্রিক টন ধান সংগ্রহ করা হয়েছে বলে জানান হয়েছে।সহায়ক মূল্যে ধান বিক্রী করার জন্যে রাজ্যের ৩৬ হাজার ৯৫ হাজার ১৪৮ জন নানিভুক্ত করেছে।

ঘোষণা

দূরন্ত প্রকাশন (প্রাঃ) লিমিটেড বা তার কোনও এজেন্ট এই সংবাদপত্রে প্রকাশিত কোনও বিজ্ঞানের যথায্য ও ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোনও ভাবে দায়বদ্ধ নয়। এই সংবাদপত্রে প্রকাশ করা বিজ্ঞাপনগুলি শুধুমাত্র সরল বাস্তবে গ্রহণ করা হয়। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ট্রেন্সি ট্রান্স্পের নিশ্চে অনুযায়ী খপা হচ্ছে।

১৪ জুলাই আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের উদ্দেশে পাড়ি দিচ্ছেন ভারতীয় বংশোদ্ভূত নাসার মহাকাশচারী অনিল মেনন

ওয়াশিংটন, ১০ জুলাই : মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার মহাকাশচারী অনিল মেনন আগামী ১৪ জুলাই আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের উদ্দেশে রওনা হতে চলেছেন। কাজাখস্তানের বেকানুর স্পেস কসমোড্রোম থেকে পাট মেনন এক ঐতিহাসিক মিশনে পাড়ি দেবেন তিনি। ৪৯ বছর বয়সি অনিল মেনন ভারতীয় বংশোদ্ভূত। গত ৯ জুলাই নাসার অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।নাসার বিজ্ঞপ্তির তথ্য অনুযায়ী, মার্কিন যুক্তরাষ্ট্রের মিনিয়াপোলিসে ইউক্রেনীয় ও ভারতীয় অভিবাসী দম্পতির ঘরে জন্ম নেন অনিলা। তিনি পেশায় একজন জরুরি চিকিসা বিভাগের (এমার্জেন্সি মেডিসিন) চিকিৎসক এবং মার্কিন মহাকাশ বাহিনীর ইউএস স্পেস ফোর্স) কর্নেল পদমর্যাদার অফিসার।নাসা



জানিয়েছে, অনিল মেনন রুশ মহাকাশ গবেষণা সংস্থা‘ রসকসমস’ সযুক্ত এমএস-২৯ মহাকাশযানে চেষ্টে দুই রুশ মহাকাশচারী পিয়োট দুব্রোভ এবং আল্লা কিকিনার সঙ্গে মহাকাশে পাড়ি দেবেন। সেখানে

তাঁরা ‘ এক্সপেডিশন ৭৪’ ক্রু-এর সঙ্গে যুক্ত হয়ে বিভিন্ন বৈজ্ঞানিক গবেষণা এগিয়ে নিয়ে যাবেন। উত্তর আমেরিকার সময় অনুযায়ী আগামী ১৪ জুলাই সকাল ১০ঃ৭ মিনিটে বেকানুর সময় অনুযায়ী সন্ধ্যে ৭ঃ

অখিলেশ যাদবকে নিয়ে মন্ত্রীর মন্তব্য ঘিরে বিতর্ক, বারাগসীতে সমাজবাদী পার্টির বিক্ষোভ



বারাগসী, ১০ জুলাই : উত্তর প্রদেশ সরকারের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী রবীন্দ্র জয়সওয়ালের অখিলেশ যাদবকে নিয়ে করা বিতর্কিত মন্তব্যকে কেন্দ্র করে রাজনৈতিক উত্তেজনা ছড়িয়েছে বারাগসীতে। তাঁর মন্তব্যের প্রতিবাদে সমাজবাদী পার্টির নেতা-কর্মীরা বিক্ষোভে সামিল হন।সাংবাদিকের সঙ্গে কথা বলার সময় রবীন্দ্র জয়সওয়াল সমাজবাদী পার্টির জাতীয় সভাপতি অখিলেশ যাদব সম্পর্কে বিতর্কিত মন্তব্য করেন। এরপরই বারাগসীতে সমাজবাদী পার্টির নেতা-কর্মীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। শুক্রবার সকালে সমাজবাদী যুবজন সভার সদস্যরা মৈদাগিনে পিজ্জ কলেজ গেটের সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। বিক্ষোভকারীরা মন্ত্রীর বিরুদ্ধে তীব্র স্লোগান দেন এবং তাঁর মন্তব্যের কড়া সমালোচনা করেন।সমাজবাদী যুবজন সভার পদাধিকারী আশিস যাদব বলেন, বারাগসী উত্তর কেন্দ্রের বিধায়ক তথা মন্ত্রী রবীন্দ্র জয়সওয়াল না ভেবেচিন্তেই সমাজবাদী পার্টির জাতীয় সভাপতি অখিলেশ যাদব সম্পর্কে অসম্মানজনক ভাষা ব্যবহার করেছেন। তাঁর দাবি, এই ধরনের মন্তব্য একজন মন্ত্রীর পক্ষে শোভনীয় নয়।অন্যদিকে, মন্ত্রীর এই মন্তব্য নিয়ে বারাগসীর কোনও মুসলিম নেতা প্রকাশ্যে প্রতিক্রিয়া জানাননি। বারাগসী উত্তর কেন্দ্র থেকে সমাজবাদী পার্টির দুই প্রাক্তন প্রার্থী সমদ আসাদরি এবং বাবু কুরেশিও এ বিষয়ে এখনও পশ্চ্ত কেনেও মন্তব্য করেননি।

পেনশনার সংবাদ ও ডিজিটাল জীবন শংসাপত্র শিবিরের অয়োজন

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১০ জুলাই : টেলিযোগাযোগ দফতরের কলকাতার প্রধান যোগাযোগ হিলাব নিয়ন্ত্রকের দফতর শুক্রবার যাবপূর টেলিফোন এক্সচেঞ্জে পেনশননার সংবাদ এবং টেলিকম পেনশননভোগীদের জীবন প্রমাণ শিবির আয়োজন করা হয়। যাদের জীবন শংসাপত্রের মোাদ শেষ হয়েছে বা শীঘ্রই শেষ হতে চলেছে, সেই পেনশননভোগীও এ পারিবারিক পেনশননভোগীদের প্রয়োজনীয় নথি, যেমন পিপিও বই, আধার কার্ড, প্যান কার্ড ইত্যাদি নিয়ে শিবিরে উপস্থিত থাকার অনুরোধ জানানো

হয়েছে। সেখানে জীবন শংসাপত্রের তাক্ষণিক যাচাইয়ের সুবিধা পাওয়া যাবে। শিবির শুরু হবে সকাল ১০টা থেকে।শিবিরে ‘ জীবন প্রমাণ’ অ্যাপের মাধ্যমে ডিজিটাল জীবন শংসাপত্র জমা দেওয়ার প্রশিক্ষণ, জীবন প্রমাণ ‘সেস অনেনটিকেশন অ্যাপ’ ব্যবহারের প্রশিক্ষণ, কেওয়াইপি ফর্ম জমা এবং পেনশননভোগীদের পরিচয়পত্র বিতরণের ব্যবস্থা থাকবে।গত বৃহস্পতিবার প্রেস ইনফরমেশন ব্যুরো সূত্রে এ খবর জানা গিয়েছে।তাই আজ এই শিবিরের অয়োজন করা হয়েছে বলে জানি।

আধুনিক যুদ্ধ সম্পূর্ণ প্রযুক্তিনির্ভর, ভারতে তার শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়েছে

নয়াদিল্লি,১০জুলাই(পিআইবি):ঃ আয়েদকর ইন্টারন্যাশনাল সেন্টারে জাতীয় প্রযুক্তি দিবস উদযাপন উপলক্ষে ভাষণে কেন্দ্রীয় মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেছেন আধুনিক যুদ্ধ সম্পূর্ণ প্রযুক্তিনির্ভর এবং গত চার দশকে ভারতের শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়েছে। তিনি জোর দিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গত এক দশকের শাসনকালে দেশজ প্রযুক্তি উন্নয়নে ভারতের দ্রুত অগ্রগতি এবং আধুনিক যুদ্ধে তার প্রভাবের উপরিবিজ্ঞান ও প্রযুক্তির স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিদ্বন্দী, পৃথ্বী বিজ্ঞানের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিদ্বন্দী, প্রধানমন্ত্রী দণ্ডপরে প্রথমমন্ত্রী, পারমাণবিক শক্তি দণ্ডর, মহাকাশ দণ্ডর এবং কর্মীবাহু, গণঅভিযোগ ও অবসরভাতা দণ্ডপরের প্রতিদ্বন্দী ডঃ জিতেন্দ্র সিং জোর দিয়ে বলেছেন আধুনিক যুদ্ধ প্রযুক্তি নির্ভর এবং গত চার দিন আবার প্রমাণ করেছে ভারতের প্রযুক্তিগত শক্তিকে। তিনি গর্বের সঙ্গে বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দুর্দশনী নেতৃত্বে ভারত সফল্যের সঙ্গে দেশজ প্রযুক্তির উন্নয়ন ও প্রচায়ে যথিগিয়েছে যা উল্লেখযোগ্যভাবে জাতীয় নিরাপত্তা এবং প্রতিরক্ষা সক্ষমতা বৃদ্ধি করেছে।জিতেন্দ্র সিং বলেন বর্তমানে প্রতিরক্ষায় ব্যবহৃত বেশিরভাগ প্রযুক্তিই দেশে তৈরি এবং প্রধানমন্ত্রী মোদীই সেই ব্যক্তি যিনি আত্মনির্ভর ভারত হওয়ার আত্মবিশ্বাস জাগিয়েছেন আমাদের মধ্যে।জাতীয় প্রযুক্তি দিবসের সূত্র স্মরণ করে ডঃ জিতেন্দ্র সিং বলেন, এই দিনটি প্রথম পালিত হয়েছিল ১৯৯৮ সালে তকালীন প্রধানমন্ত্রী

অটল বিহারী বাজপেয়ীর ভাবনা অনুযায়ী সফল পোখরান পরমাণু পরীক্ষার উদযাপনের লক্ষ্যে। তিনি আরও বলেন, ১৯৯৮ সালে যে ভাবনা আমাদের অনুপ্রাণিত করেছিল তা প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে আরও পরিণত হয়েছে, ভারতকে পরিচত করেছে বিশ্বপ্রযুক্তি নেতৃত্বে।ডঃ জিতেন্দ্র সিং বলেন যে ২০১৪ থেকে অভ্যন্তরীণ নির্মাণের উপর সবচেয়ে বেশি অগ্রাধিকার দেওয়া হয়েছে। মৌদীর নিরন্তর আত্মনির্ভরতা অর্জনে জোর দেওয়া এটা সম্ভব হয়েছে। তিনি বলেন, ভারত আর বহিঃশক্তির উপর নির্ভরশীল নয়, আমাদের আধুনিক যুদ্ধের সাফল্য Viksit Bharat ২০৪৭-এর লক্ষ্যে অগ্রগতির প্রতিফলন।বৈজ্ঞানিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করে ডঃ জিতেন্দ্র সিং বিজ্ঞান ও প্রযুক্তি দণ্ডপরের অধীন টেকনোলজি ডেভেলপমেন্ট বোর্ড (টিডিবি)-এর প্রশংসা করেন বিটিং ব্রিটিট অনুষ্ঠানে ১০০০ ছেতান প্রদর্শনী সহ প্রথম শ্রেণীর উদ্যোগকে সাহায্য করার জন্য। তিনি বলেন ড্রোন, যা একদা ছিল প্রতীকী, তা এখন ভারতের বিবর্তিত প্রতিরক্ষা পরিমণ্ডলের কেন্দ্রবিন্দুতে।টিডিবির প্রতি বছর নতুন থিম স্থির করার ঐতিহ্যের প্রশংসা করেন ডঃ জিতেন্দ্র সিং এবং তুলে ধরেন এ বছরের থিম ‘ যা অত্যাধুনিক গবেষণা ও প্রযুক্তিগত উন্নতির মাধ্যমে রূপান্তরকে চিহ্নিত করে।তিনি গর্বের সঙ্গে জানান, ভারত গত এক দশকে তার প্রতিরক্ষা ক্ষমতা যথেষ্ট বৃদ্ধি করেছে এবং বৈজ্ঞানিক কাজকর্মের বৃদ্ধির

শুক্রবারে উর্ধ্বমুখী দেশের শেয়ার বাজার, উত্থান সেনসেক্স ও নিফটি-তে

মুম্বই(সংবাদ সংস্থা), ১০ জুলাই : আমেরিকা ও ইরানের মধ্যে সাম্প্রতিক সংঘাত সত্ত্বেও দুই দেশের মধ্যে আলোচনার রাস্তা খোলা থাকায় স্মিত্রির নিঃশ্বাস ফেলল বিশ্ববাজার। বঙ্গদ্রষ্ট মহলের মতো, যুদ্ধ পরিস্থিতি বাড়ার আশঙ্কা কিছুটা কমতেই শুক্রবার বিশ্বজুড়ে বিভিন্ন দেশে শেয়ার বাজারে উত্থান ঘটেছে। তবে প্রবাহ পড়লে ভারতে শেয়ার বাজারেও এ দিন সকাল থেকেই তেজি ভাব ছিল দেশের শেয়ার বাজারে। সন্ধ্যে বাডার সঙ্গে সঙ্গে সূচকের গ্রাফ ক্রমেই উর্ধ্বমুখী হতে থাকে। এদিন দুপুরে বিএসই সেনসেক্স এক ঝাঁকায় ৮০০ পয়েন্টের ও বেশি উঠে পৌঁছে যায় ৭৭,৫৫০ অঙ্কে। অন্যদিকে, পাল্লা



দিয়ে ২৪৫ পয়েন্ট এগিয়ে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের প্রধান সূচক নিফটি স্পশ্র করে ২৪,২০৭ অঙ্ক। বাজার বিশেষজ্ঞদের মতে, বিশ্ববাজারের ইতিবাচক মনোভাবের জেরেই এদিনের এই উত্থান।

মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে মোদী



মেলবোর্ন, ১০ জুলাই : অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যাঙ্হনি অ্যালবানিজের সঙ্গে ঐতিহ্যবাহী মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ড (এমসিজি) পরিদর্শনে গেলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারত ও অস্ট্রেলিয়ার দ্বিপাক্ষিক সম্পর্কের মেলবন্ধনে ক্রিকেটকে এক বড় মাধ্যম হিসেবে উল্লেখ করে সেখানে তিনি এক বিশেষ বার্তা দেন।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে (এমসিজি) যা রাখলেই যেকোনো ভারতীয়ের মনে একসঙ্গে দুটি অনুভূতি জেগে ওঠে। প্রথমত, ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যকার ক্রিকেট ম্যাচের রোমাঞ্চ এবং দ্বিতীত, আমাদের দুই দেশেই ক্রিকেট শুধুমাত্র একটি খেলা নয়, বরং এটি এক অভিন্ন আবেগ।সেখানকার পরিবেশ উপভোগ করার পাশাপাশি মাঠের হালকা মেজাজের কথা উল্লেখ করে তিনি আরও বলেন, তবে আজ এখানে কোনো শেষ ওভারের চাপ নেই। এখানে রয়েছে শুধুই খেলাটির আনন্দ, আমাদের দুই দেশের বন্ধুত্বের উষ্ণতা এবং ভবিষ্যতের চ্যাম্পিয়নদের উদ্দীপনা। দুই দেশের রাষ্ট্রপ্রধানের এই স্টেডিয়াম সফর ভারত-অস্ট্রেলিয়ার সূচ্দ কূটনৈতিক ও সাংস্কৃতিক সম্পর্ককে আরও একবার তুলে ধরেছে।

কণ্ঠস্বরের নমুনা দিতে হবে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে, নির্দেশ হাই কোর্টের

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১০ জুলাই : গত বিধানসভা ভোটের প্রচারে ‘ ডিজে’ সংক্রান্ত মন্তব্য করায় মামলা হয়েছে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে। তার তদন্ত করছে সিআইডি। তদন্তের স্বার্থে অভিষেককে কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করতে চেষ্টাচলি়ে। সেই মামলায় আগামী ১৫ জুলাই দুপুর ১২টার সময়ে নিম্ন আদালতে গিয়ে নিজের কণ্ঠস্বরের নমুনা দিতে হবে তৃণমূল সারসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। শুক্রবার এমনই নির্দেশ দিয়েছেন কলকাতা হাই কোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য। তাঁর আরও নির্দেশ, ওই সময়ে যাতে ডিম

ছোড়ার বা হেনস্থার কোনও ঘটনা না ঘটে, সেই বিষয়ে উপযুক্ত পদক্ষেপ করতে হবে পুলিশকে।এই মামলায় সাংসদকে তদন্তে সহযোগিতার শর্তে রক্ষাকবচ দেয় হাই কোর্ট। সেই মতো সিআইডির তলবেও সাদা নেন অভিষেক। কিন্তু কণ্ঠস্বরের নমুনা দিতে চাননি তিনি। আদালত দু’বার অভিষেককে হাজিরার নির্দেশ দিলেও, তা এড়িয়ে যান তিনি।এই বিষয়টি নিয়েই শুক্রবার অভিষেককে তদ্তনা করেছেন বিচারপতি। জানিয়ে দিয়েছেন, কণ্ঠস্বরের নমুনা দিতে আগামী ১৫ জুলাই দুপুর ১২টায় নিম্ন আদালতে যেতে হবে অভিষেককে।

নৈহাটি সেন্ট লুক্ষ ডে স্কুলে বিনা ব্যায়ে ৩০০ মানুষকে চিকিৎসা পরিষেবা দেওয়া হল



নিজস্ব প্রতিনিধি,নৈহাটি,১০জুলাইঃ ডাঃ সুরেশ চক্রবর্তী মেমোরিয়াল ফাউন্ডেশন-এর পরিচালনায় ও সেন্ট লুক্ষ ডে স্কুলের পূর্ণ সহযোগিতায় অনুষ্ঠিত হলো ধ্রু মেডিকেল চেকআপ ক্যাম্প। প্রায় ৩০০ মানুষ বিনা ব্যয়ে নানা ধরনের রোগের চিকিৎসা ও পরীক্ষা-নিরীক্ষা গ্রহণ করেন।প্রতিযশা ও নামজাদা ডাক্তারবাবুদের মাধ্যমে। নানান ধরনের রোগের সমগ্র চিকিৎসা পরিষেবা দেওয়া হয় সেন্ট লুক্ষ ডে স্কুলের গোটা প্রাঙ্গণ জুড়ে। সমগ্র চিকিৎসা পরিষেবা প্রতিবছরের ন্যায় এবছরেও যাদের উদ্যোগে ও সহযোগিতায় অনুষ্ঠিত হয়, তারা হলেন সেন্ট লুক্ষ ডে স্কুলের প্রিন্সিপাল ম্যাদাম সাধনা ভট্টাচার্য, ডাক্তার সূপ্রতীক ভট্টাচার্য, স্কুলের সেক্রেটারি সুজিত ভট্টাচার্য মহাশয় ছাড়াও অন্যান্যরাও এই বিনা ব্যায়ে চিকিৎসা পরিষেবায় সহযোগিতার হাত বাড়িয়ে দেন।

৩১ জুলাইয়ের পর দিল্লিতে পিক্স টিকিটের পরিবর্তে ‘পিক্স সহেলি’ কার্ড, জানালেন মন্ত্রী পঙ্কজ কুমার সিং
নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১০ জুলাই : ‘ পিক্স সহেলি’ স্মার্ট কার্ড না থাকলে ১ আগস্ট থেকে আর বিনামূল্যে বাস পরিষেবা পাবেন না মহিলারা, শুক্রবার এ কথা জানা গেছে দিল্লি প্রশান সূত্রে। এদিন দিল্লির মন্ত্রী পঙ্কজ কুমার সিং বলেন, দিল্লির পরিবহন ব্যবস্থায় ‘পিক্স টিকিট’-এর বৈধতা ৩১ জুলাই পর্যন্ত বহাল থাকবে। সরকারি সিদ্ধান্ত নিয়েছে, ৩১ জুলাই থেকে অমারা নতুন করে পিক্স টিকিট দেওয়া বন্ধ করবে।। ৩১ জুলাইয়ের পর ‘পিক্স সহেলি’ কার্ড’-ই কার্যকর হবে। দিল্লিতে ১৫ লক্ষেরও বেশি এই কার্ড ইস্যু করা হয়েছে।এদিকে, মহিলা যাত্রীদের ‘ সহেলি’ কার্ড সংগ্রহের পরামর্শ দিতে দিল্লি ট্রান্সপোর্ট কর্পোরেশন (ডিটিসি) বাসগুলিতে একটি বিশেষ ঘোষণা শুরু করেছে। ডিটিসি-র নির্দেশিকায় বলা হয়েছে, ‘পিক্স সহেলি’ স্মার্ট কার্ড না থাকলে, ১ আগস্ট থেকে আর বিনামূল্যে বাস পরিষেবা পাবেন না মহিলারা।

ধর্মেন্দ্রকে স্মরণ করে আবারও আবেগপ্রবণ হলেন হেমা মালিনী

মুম্বই(সংবাদ সংস্থা),১০ জুলাই : অভিনেত্রী হেমা মালিনী তাঁর স্বামী ও কিংবদন্তি অভিনেতা ধর্মেন্দ্রকে স্মরণ করে আবেগপ্রণ স্মৃতি শেয়ার করেছেন। চলচ্চিত্র জগতে ৬০ বছর পূর্ণ করার আগে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি ধর্মেন্দ্রের সঙ্গ্রাম, সাফল্য এবং পরিবারের প্রতি তাঁর নিষ্ঠার কথা স্মরণ করেন। হেমা বলেন যে পাঞ্জাবের একটি ছোট গ্রাম থেকে এসে ধর্মেন্দ্র একাি দেশের অন্যতম জনপ্রিয় তারকা হয়ে উঠেছিলেন এবং লক্ষ লক্ষ মানুষের হৃদয়ে আজও তিনি রয়েছেন।জানা গেছে, পদ্মভূষণ পুরস্কার বিতরণী অনুষ্ঠানের কথা স্মরণ করে হেমা বলেন যে, পাঞ্জাবের এক সাধারণ পরিবার থেকে এসে ধর্মেন্দ্র দেশে ও বিশ্বে নিজের এক অনন্য পরিচয় তৈরি করেছেন। আবেগপ্রবণ হয়ে হেমা বলেন যে, গোটা দেশ তাঁকে এগিয়ে যেতে উৎসাহিত করেছেন। তিনি বলেন যে ধর্মেন্দ্র তাঁর সবসময় পরিবারকে একত্রিত রাখার



উপর বিশ্বাস রাখতেন এবং তাঁর সমস্ত সন্তান, নাতি-নাতিন এবং প্রপৌত্রীদের সমানভাবে দেখতেন। ধর্মেন্দ্রের প্রতি তাঁর ভালোবাসা প্রকাশ করে হেমা মালিনী বলেন যে প্রত্যেক শিল্পী জীবনে যা স্পষ্ট দেখে, তিনি তার সবকিছুই অর্জন করেছেন। তিনি বলেন যে, পাঞ্জাবের এক সাধারণ পরিবার থেকে এসে ধর্মেন্দ্র দেশে ও বিশ্বে নিজের এক অনন্য পরিচয় তৈরি করেছেন। আবেগপ্রবণ হয়ে হেমা বলেন যে, গোটা দেশ তাঁকে এগিয়ে যেতে উৎসাহিত করেছেন। তিনি বলেন যে ধর্মেন্দ্র তাঁকে তাঁর জীবনসঙ্গী হিসেবে বেছে নিয়েছেন।

রাশিফল

মেসঃআজকের দিনটি গুরুত্বপূর্ণ এবং ইতিবাচক হতে চলেছে। এটি এমন একটি সময় যখন আপনি আপনার অনন্য দক্ষতা এবং সম্ভাবনাকে কাজে লাগাতে পারবেন। আপনার ধারণা এবং পরিকল্পনা সাফল্যের দিকে এগিয়ে যেতে পারে।
বৃষঃআজকের দিনটি আপনার জন্য ইতিবাচক। চারপাশের পরিবেশ শুভ ও উৎসাহবাক্ষক থাকবে। আপনি নতুন পরিকল্পনা তৈরি করতে এবং সেগুলি কাজে বাস্তবায়ন করতে অনুপ্রাণিত হবেন। বিবাহের যোগ।
মিথুনঃ সৃজনশীল শখ আপনাকে চাপমুক্ত রাখবে। অর্থনৈতিক দিকটি শান্তিশালী হওয়ার সম্ভাবনা রয়েছে। যদি আপনি কোনও ব্যক্তিকে অর্থ ধার দিয়ে থাকেন তবে আপনি আজ সেই টাকা ফেরত পাবেন বলে আশা করা হচ্ছে। জিডকে সযত্ন করতে হবে যাতে বয়স্ক গুরুজনদেরের অভিযানে আঘাত না লাগে।

কর্কট রাশি :সুখী জীবনের স্বার্থে নিজের এক গুঁয়েমি দূর করুন, এরফলে নিছক সময় নষ্ট হয়। অর্থনৈতিকভাবে, আজ একটি মিশ্র হিত হতে চলেছে। শুভ দিন হবে।
সিংহঃ আজকের দিনটি আপনার জন্য উদ্দীপনা এবং ইতিবাচকতায় ভরপুর থাকবে। আপনার আকর্ষণীয় ব্যক্তিত্ব মানুষকে আপনার দিকে টানবে। কর্মক্ষেত্রে আপনার ধারণা এবং পরামর্শের মূল্যায়ন হবে, তাই আলোচনায় সক্রিয় থাকুন। সূচনদিন করন্যাঃআজ আপনার দৈনন্দিন রুটিনে কিছু পরিবর্তন আসতে পারে। এই পরিবর্তন নতুন সম্ভাবনার দরজা খুলে দিতে সাহায্য করবে। অর্থব্যয় তুলে। আনন্দের কারণে অনেক কিছু নির্ভর করবে এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আপনার জন্য মনের স্বচ্ছতা গুরুত্বপূর্ণ হবে। আপনার অর্থ কোথায় ব্যয় হচ্ছে সেদিকে আপনার নজর রাখা দরকার, অন্যথায় আপনি আগামী সময়ে সমস্যার মুখোমুখি হতে পারেন। পরিবারের সদস্যরা অত্যন্ত দারিদার হবে। ভালবাসার ছলনা সমস্ত দিন আপনাকে আবদ্ধ করে রাখবে। সংসারে শান্তি হবে।

বৃশ্চিকঃ অতীতের তুলে সিদ্ধান্তগুলি আজ হতাশা এবং মানসিক অশান্তির দিকে নিয়ে যাবে- আপনি নিরুপায় এবং তার পরে কি করতে হবে তা নির্ধারণ করা দিতে অসমর্থ হতে পারেন- অন্যদের থেকে সাহায্য চান। ব্যবসা ভালো যেতে পারে আজ ধনুঃ আজকের দিনটি অত্যন্ত উসাহবাক্ষক এবং ইতিবাচক হতে চলেছে। আপনার মধ্যে শক্তি এবং অনুপ্রেরণার প্রবাহ থাকবে, যা নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় সাহায্য করবে।
মকরঃ আজকের দিনটি মকর রাশির জাতকদের জন্য আশাব্যঞ্জক হবে। ব্যক্তিগত এবং পেশাগত জীবনে ইতিবাচক পরিবর্তন দেখা যেতে পারে। আপনি নিজের লক্ষ্যের প্রতি নিবেদিত থাকবেন এবং কঠোর পরিশ্রমে ফল পাবেন। অর্থ ব্যয়।
কুম্ভঃআপনার স্বাস্থ্য ভালো করার খাতিরে লম্বা পায়চারীতে বেরনো। আপনার ভবিষ্যতের সক্ষম করতে অতীতে আপনি যে সমস্ত অর্থ বিনিয়োগ করেছিলেন তা আজ ফলস্বরূপ ফল পাবে। আর্থিক উন্নতি মীনঃ কিছু মানসিক চাপ থাকা সত্ত্বেও স্বাস্থ্য সুস্থ পদ্ধত থাকবে। যারা নিজের ঘনিষ্ঠজন বা স্বামী্যদের সাথে তাদের ব্যবসা পরিচালনা করেছেন তাদের আজ খুব সতর্ক থাকা দরকার, অন্যথায় আর্থিক ক্ষতি হতে পারে। যাদের সাথে আপনি কদাচিৎ সাক্ষা করেন তাদের সাথে স্বেগাযোগেরে ভালো দিন। প্রেম আসতে পারে আজকে। সংসারে শান্তি ফিরতে পারে আজকে।

আবহাওয়া

দক্ষিণবঙ্গ জুড়ে মৌসুমী বায়ু পুরোপুরি সক্রিয় হতেই রাজধানী কলকাতা-সহ এ রাজ্যের বিস্তীর্ণ অংশে শুরু হয়েছে আবহাওয়ার বৃষ্টি। ভারতীয় আবহাওয়া দফতর এবং আন্তর্জাতিক আবহাওয়া পূর্বাভাসের সাম্প্রতিক তথ্য অনুযায়ী, বঙ্গোপসাগর থেকে আসা প্রচুর জলীয় বাষ্পপূর্ণ বাতাসের জেরে আজ রাজ্যের একাধিক জেলায় বজ্রবিদ্যুৎ-সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টির প্রবল সম্ভাবনা রয়েছে। উপকূলবর্তী এবং নিচু এলাকাগুলির জন্য ইতিমধ্যেই বিশেষ সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। বৃহস্পতিবার রাত থেকেই কলকাতা এবং শহরতলির বিভিন্ন এলাকায় বামবাতাসের বৃষ্টি শুরু হয়েছে, যা শুক্রবার ভােরেও অব্যাহত ছিল। শুক্রবার সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ০.৩ ডিগ্রি বেশি।।আপেক্ষিক আর্দ্রতা আজ হতে পারে ৯৩ শতকরা এবং সর্বনিম্ন ৮০শতকরা আবহাওয়া দপ্তর থেকে জানা।

জোয়ার-ভাটা

জোয়ার-সকাল ০৯টা ৫৫মিনিট এবং রাত ০৯ টা ৫০মিনিট।
ভাটা-বেলা ০১টা ৪১মিনিট এবং রাত ১১টা ৪২ মিনিট।
সূর্যোদয় সকাল ৪ টা ৫১মিনিট হতে পারে এবং সূর্যাস্ত আজ ৬টা ২০মিনিট হতে পারে।



এ বার ভারতে হবে বিবিএল

সংবাদ সংস্থা, মেলবোর্ন, ১০ জুলাইঃ বাইশ গজের যুদ্ধে বারবার ভারতের মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে অস্ট্রেলিয়া। পুরুষ হোক বা মহিলা-সবধরণের ক্রিকেটেই অজিদের কাছে হেরে টুফি জয়ের সুযোগ হাতছাড়া হয়েছে। ২০০৬ এবং ২০২৬-দুই বিশ্বকাপ ফাইনালে অস্ট্রেলিয়ার কাছে মেন ইন ব্লু হার এখনও জল আনে ভারতীয় ক্রিকেটভক্তদের চোখে। তবে এবার সেই ক্রিকেটেই হাত মেলাচ্ছে ভারত এবং অস্ট্রেলিয়া। বর্তমানে অস্ট্রেলিয়া সফরে গিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেখানেই নতুন যোগা করেছেন তিনি। বেশ কিছুদিন ধরেই জল্পনা ছিল, ভারতে খেলা হতে পারে অজি ফ্র্যাঞ্চাইজি লিগ বিগ ব্যাশের ম্যাচ। সেই জল্পনায় সিলমোহর দিলেন প্রধানমন্ত্রী। শুক্রবার তিনি গিয়েছিলেন মেলবোর্ন ক্রিকেট স্টেডিয়ামে। সেখানে অজি ক্রিকেট সংস্থার শীর্ষ কর্তা অ্যালিস্টার ডবসন জানান, ভারতের সব প্রান্তেই ক্রিকেট নিয়ে প্রবল উৎসাহ, বিশেষত চেন্নাইয়ে।



সেখানে খেলা হবে বিগ ব্যাশের ম্যাচ। আশা করছি প্রচুর দর্শক ম্যাচ দেখতে আসবেন সুত্রেণ খবর, একাধিক দলই ভারতে খেলতে আগ্রহী। তবে দীর্ঘ লিগের একটিই ম্যাচ খেলা হতে পারে ভারতে। মেদি বলেন, “চেন্নাইয়ে বিগ ব্যাশের ম্যাচ খেলা হবে বলে আমি অত্যন্ত খুশি।” শ্রেফ ক্রিকেট নয়। অন্যান্য খেলাধুলাতেও ভারতের সঙ্গে একযোগে কাজ করতে চলেছে অস্ট্রেলিয়া। ২০৬০ সালে ভারতে কমনওয়েলথ গেমসের আসর বসবে। তারপর ২০৬৬ সালের অলিম্পিক আয়োজনের জন্য দীর্ঘদিন ধরেই চেষ্টা চালাচ্ছে ভারত। সেই লক্ষ্যে সাহায্য করবে অজিরা। বিদেশমন্ত্রক সুত্রে খবর, খেলার পরিকার্মাে তৈরি, ক্রীড়া প্রযুক্তি-বিজ্ঞান এবং ক্রীড়াকে কেন্দ্র করে বিনিয়োগ- সমস্ত কিছুতেই একসঙ্গে কাজ করবে ভারত এবং অস্ট্রেলিয়া। এছাড়াও দুই দেশের যুব ক্রীড়াবিদদের নিয়ে অনুষ্ঠিত হবে ইউথ স্পোর্টস ফেস্টিভাল। এদিন মেলবোর্নে উপস্থিত ছিল অজি প্রধানমন্ত্রী এছাড়াও অ্যারবানিজ। এছাড়াও মোদির সঙ্গে সাক্ষাৎ করেন দুই অজি কিংবর্তি-সিঁড়ি ওয়া এবং লিসা স্বালেকার। দুই তারকার অবদান নিয়েও বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী।

বস্টনের রৌদ্রে ঝলসে উঠলেন এমবাপে! মরক্কোকে হারিয়ে টানা তৃতীয়বার শেষ চারে ফ্রান্স

সংবাদ সংস্থা, বস্টন, ১০ জুলাইঃ বস্টনে দাপুটে জয় মরক্কোর প্রতিরোধ ভেঙে টানা তৃতীয়বার বিশ্বকাপের সেমিফাইনালে পৌঁছল ফ্রান্স। ম্যাচের চূড়ান্ত ফল ২-০। নায়ক কিলিয়ান এমবাপে। দেশের উসমান ডেঙ্গেলো। দুজনেই গোল পেলেন। মরক্কো ডিফেন্সকে আগগোড়া তটস্থ রাখলেন। প্রথমার্ধে যদিও খাতা খোলেনি। ফরাসি আক্রমণের তরঙ্গ উঠলেও বারবার প্রতিহত হয়। গোলরক্ষক ইয়াসিন বোনো একাই দুর্ভেদ্য প্রাচীর হয়ে দাঁড়ান। এমনকী কিলিয়ান এমবাপে পর্যন্ত পেনাল্টি থেকে গোল করতে বার্য হন। কিন্তু খেলার রং সম্পূর্ণ পালটে যায় দ্বিতীয়ার্ধে। ৬০ মিনিটে দুরন্ত শটে মরক্কোর জাল কাপান ফরাসি অধিনায়ক। বক্সের বাইরে থেকে নেওয়া সেই শট আটকানোর বিস্মদ্রাজ সুযোগ ছিল না বোনের কাছে। ঠিক ছ’মিনিট পর ব্যবধান বাড়ান উসমান ডেঙ্গেলো। এমবাপের নিখুঁত দৌড় বিপক্ষ রক্ষণকে বোকা বানায়। সেই সুযোগ কাজে লাগিয়ে ফরাসিদের দ্বিতীয় গোলটি করেন পিএসজির উইঙ্গার। এদিন গোটা ম্যাচে সাকুলো ২০টি শট নেয় ফরাসি আক্রমণভাগ। অন্যদিকে, ৮৬ মিনিটে আজাদিন ওনাহির একটি দুর্বল শট ছাড়া ফরাসি গোলরক্ষক মাইক ম্যাইনানকে সেভাবে পরীক্ষায় পড়তে হয়নি। ৭৭ মিনিটে এমবাপে সামান্য অস্বস্তি নিয়ে মাঠ ছাড়েন। তবে ডাগআউটে ফেরার সময় তাঁর শরীরি ভাষা দেখে চোটের তেমন দৃশ্চিন্তার সংকেত মেলেনি। আগের বার শেষ চারে উঠলেও এবার আফ্রিকান সিংহরা বিদায় নিল। মরক্কোর দৌড় শেষ আট এসে খামলা। আশরফ হাকিমিরা প্রথমার্ধে বেশ গুছিয়ে লড়াই চালান। বল পজেশনও নিজেদের দখলে রাখে ওয়াহিবির দল। ব্রাহিম দিয়াজ ও আজাদিন ওনাহি মাঝমাঠ থেকে খেলা তৈরির চেষ্টা করেন। ডানি প্রান্ত ধরে বারবার হানা দেন হাকিমি। কিন্তু ফাইনাল থার্ডে এসেই সেই হারিয়ে ফেলে



হাইডোল্টেজ ম্যাচে হাড়ে হাড়ে টের পেয়েছে মরক্কো। বল নিয়ে ফরাসি বক্স ঢুকলেও, শেষ পাসের অভাবে বারবার ফিরে আসতে হয়। ফিনিশিংয়ের এই দুর্বলতাই মরক্কোর কাল হল। ফরাসি ডিফেন্স টুর্নামেন্ট জুড়ে যে জমাট রক্ষণ দেখাচ্ছে, তার সামনে সাইবারিহীন আক্রমণভাগ কার্যত ভেঁতা। ফরাসি শিবির এখন আর কেবল এমবাপে-নির্ভর নয়। দলের গভীরতা ও তারসাম্য বিপক্ষকে রীতিমতো ভয় দেখাচ্ছে। প্রথমার্ধে গোলশূন্য থাকার পরেও প্যানিকের লেশমাত্র নেই। পরিস্থিতি বুঝে কৌশল বদলাতে সিদ্ধহস্ত কোচ

চুয়ামেনি চোট সারিয়ে ফিরলেও তাঁকে বেঞ্চেই রেখে দেন ফরাসি কোচ। প্রথমার্ধে ১০টি শট নিয়ে ১.৮৭ এক্সপেক্টেড গোল বা এক্সজি তৈরি করেছিল ফরাসিরা। গোল আসেনি। তবুও স্লায়র চাপ ধরে রেখে দ্বিতীয়ার্ধে আক্রমণের বাঁধ বাড়ায় তারা। শক্তিশালী প্রতিপক্ষের আক্রমণ শুয়ে নিয়ে সঠিক সময়ে প্রত্যাবাস্ত। এটিই বর্তমান ফরাসি দলের প্রধান বৈশিষ্ট্য। একপেশে ম্যাচ। তবু নাটকের কমতি ছিল না। মাইকেল ওলিসের পাস থেকে বল পেয়ে বক্সে ঢোকার মুখে ফাউলের শিকার হন এক ফরাসি ফুটবলার।

পরপর হার, লজ্জার নজিরে চাকরি যাচ্ছে গম্ভীরের?

মুম্বই, ১০ জুলাইঃ ফুটবল বিশ্বকাপ নিয়ে যখন গোটা ক্রীড়াবিশ্ব মগ্ন, তখন একের পর এক লজ্জার নজির গড়ে চলেছে ভারতীয় ক্রিকেট দল। পরপর দুই সিরিজ হার। পরপর ৬ টি-২০ ম্যাচে জয়হীন। প্রথমবার আয়ারল্যান্ডের মতো দলের বিরুদ্ধে সিরিজ হার-হোয়াইট ওয়াশ। ইংল্যান্ডের বিরুদ্ধেও লজ্জার পারফরম্যান্স। লাগাতার এই ব্যর্থতার জেরে কি কোচ গৌতম গম্ভীরের গদি টলমল? বিসিসিআই সূত্র অন্তত তেমনই ইঙ্গিত করছে। শোনা যাচ্ছে, ইংল্যান্ড এবং আয়ারল্যান্ড সিরিজের হারের ময়নাতদন্ত করবে বিসিসিআই। তাতে ক্রিকেটারদের পারফরম্যান্স যেমন খতিয়ে দেখা হবে, তেমনই খতিয়ে দেখা হবে কোচিং স্টাফের পারফরম্যান্সও। এমনকী হেড কোচ গৌতম গম্ভীরও নিরাপদ নন। এক সর্বভারতীয় সংবাদমাধ্যমের সূত্র বলছে, এই সিরিজের পর একাধিক তারকাকে ছুটিই করার কথা বহা হচ্ছে। এদের অনেকেই কোচ গম্ভীরের প্রিয়পাত্র। এমনটিতে বোর্ডের সঙ্গে গম্ভীরের চুক্তি রয়েছে ২০২৭ ওয়ানডে বিশ্বকাপ পর্যন্ত। সেই চুক্তি শেষের আগে তাঁর চাকরি যাওয়ার সম্ভাবনা কম। তবে তিনি যে আগের মতো ‘নিরাপদ’ নন, সেটা তাঁকে বুঝিয়ে দেওয়া হতে পারে। এমনটিতে সামনের জিম্বাবোয়ে সিরিজ এবং এশিয়াম গেমসের দলের সঙ্গে কোচ হিসাবে পাঠানো হবে ভিভিএস লক্ষ্মণকে। গম্ভীর আবার টিম ইন্ডিয়ায় হটসিট বসছেন ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ঘরের মাঠে ওয়ানডে এবং টি-২০ সিরিজে। তার আগেই দলের পারফরম্যান্স রিভিউ করবে বোর্ড। অধিনায়ক হিসাবে শ্রেয়স আইয়েরের কেরিয়ারের শুরুটাও জঘন্য হয়েছে। আয়ারল্যান্ডের বিরুদ্ধে সিরিজে ২-০ ব্যবধানে পরাজিত হয় টিম ইন্ডিয়া। প্রথমবার আয়ারল্যান্ডের মতো দলের বিরুদ্ধে সিরিজ হার-হোয়াইট ওয়াশ। সেই খাফা সামলে নেওয়ার সুযোগ ছিল ইংল্যান্ডের বিরুদ্ধে কিন্তু শ্রেয়সের টিম ইন্ডিয়া সেটা তো পারলই না বরং আরও লজ্জা উপহার দিল। ইংরেজদের বিরুদ্ধে পর পর ৩ টি-২০ ম্যাচে হারে। একটা ম্যাচ মাঝে বৃষ্টিতে ভেঙে না গেলে সেটাতেও হয়তো হারের মুখই দেখতে হত টিম ইন্ডিয়াকে। ফলে সার্বিকভাবে বোর্ড বেশ অসুখি।

মেসির পারফরমেন্স ইয়ামালের কাছে ‘অবিশ্বাস্য’

উত্তর আমেরিকা বিশ্বকাপে দুর্দান্ত ছন্দে আছেন লিওনেল মেসি। একের পর এক ম্যাচে জাদুকরি পারফরম্যান্সে দলের জয়ে রাখছেন বড় ভূমিকা। কারিয়ারের এই পর্যায়ে এসেও আর্জেন্টিনা অধিনায়ককে এভাবে পারফর্ম করতে দেখে খুবই খুশি স্প্যানিশ তারকা লামিন ইয়ামাল।

নিজস্ব প্রতিবেদন
চলতি বিশ্বকাপের মাঝে ৬৯তম জন্মদিন পালন করেন মেসি। আসরে প্রথম ম্যাচে আলজেরিয়ার বিপক্ষে তিনি উপহার দেন হ্যাটট্রিক, বিশ্বকাপে যা তার প্রথম হ্যাটট্রিক। দলের পরের চার ম্যাচেও জালের দেখা পান তিনি। শেষ ষোলোয় মঙ্গলবার মিশরের বিপক্ষে শুরুতে পেনাল্টি মিস করলেও, পরে গোল করে ও করিয়ে দলের ৬-২ গোলের মহাকাব্যিক প্রত্যাবর্তনে অগ্রণী ভূমিকা রাখেন ইন্টার মায়ামি ফরোয়ার্ড। আট



গোল করে এখন কিলিয়ান এমবাপের সঙ্গে যৌথভাবে আসরের সর্বোচ্চ গোলদাতা তিনি। বিশ্বকাপে মেসির পারফরম্যান্স নিয়ে প্রশ্নে ১৮ বছর বয়সী ইয়ামাল স্প্যানিশ সংবাদমাধ্যম ‘মুন্দো দেপোর্টিভো’কে বলেন, “অবিশ্বাস্য। মেসি কে তা সবাই জানে, কিন্তু তিনি যে এত উঁচু মানের পারফরম্যান্স করবেন, তা কেউ আশা করেনি। তার জন্য আমি সত্যিই খুশি।” মেসির কাছে ভর করেই ২০২২ সালে কাতারে ৬৬ বছরের খরা কাটিয়ে তৃতীয় বিশ্বকাপ জয় করে আর্জেন্টিনা। ওই আসর থেকে এখন পর্যন্ত বিশ্বকাপে টানা ৯ ম্যাচে গোল করছেন তিনি। টানা ছয়টি বৈশি ম্যাচে গোল নেই আর কারো। ২১ গোল নিয়ে বিশ্বকাপের ইতিহাসে সর্বোচ্চ গোলদাতাও মেসি। গত

বয়সী ফরোয়ার্ড। ২০২৬ সালের অক্টোবরে গুরুতর চোট পড়ার পর থেকে এই বিশ্বকাপের আগে পর্যন্ত জাতীয় দলের হয়ে খেলেননি নেইমার। বিশ্বকাপে বদলি হিসেবে দুই ম্যাচে কিছু সময় খেলতে পারেন তিনি। আর ইয়ামালের স্পেন্নই শেষ করে দেয় রোনাল্ডোর বিশ্বকাপ অভিযান। গত সোমবার স্পেনের কাছে ফুটগালের ১-০ গোলের হারটিই ছিল বিশ্বকাপে ৪১ বছর বয়সী রোনাল্ডোর শেষ ম্যাচ। রিয়াল মাদ্রিদের প্রাক্তন এই ফরোয়ার্ড ছয়টি বিশ্বকাপে গোল করা একমাত্র খেলোয়াড়। সাফল্যমণ্ডিত কারিয়ারে এই টুফিটিই শুধু তিনি জিততে পারেননি। আন্তর্জাতিক ফুটবলে সবচেয়ে বেশি গোল (১৪৬) ও ম্যাচ খেলার (২৩৬) রেকর্ড পূর্বাঙ্গি মহাতারকার।

পেনাল্টিতে এমবাপে-নেইমারদের থমকে যাওয়া কৌশল কতটা কার্যকর

নিজস্ব প্রতিবেদন

বোস্টনে গতকাল রাতে কিলিয়ান এমবাপের পেনাল্টি মিস কি ফ্রান্সের সমর্থকেরা মনে রাখবেন? সম্ভবত না। মরক্কোকে ২-০ গোলে হারিয়ে ফ্রান্সের সেমিফাইনালে ওঠার আনন্দ সেটা ঢাকা পড়ার কথা। কিন্তু ইতিহাস তো কিছুই ভোলে না। ইতিহাস বলছে, বিশ্বকাপে ফ্রান্সের খেলোয়াড়ের পেনাল্টি মিস বিরল ব্যাপার। এমন কিছু বিশ্বকাপে দেখা গেল মাত্র দুবার। ২০১৪ বিশ্বকাপে সুইজারল্যান্ডের বিপক্ষে করিম বেনজেমার পর এমবাপে মিস করলেন পেনাল্টি। এমবাপের পেনাল্টি মিসে একবার ফিরে তাকানো যাক। শট নেওয়ার মাঝপথে মরক্কো গোলকিপার ইয়াসিন বুনুর দিকে তাকিয়ে একটু থেমে গিয়েছিলেন ফরাসি তারকা। বুনু সহজেই তাঁর বাঁ দিকে ঝাঁপিয়ে দুর্বল শটটি ঠেকান। তবে এমবাপে যেভাবে শটটি নিয়েছেন, সেটা কিন্তু বেশ পরিচিত ও সফল কৌশল। নেইমার ওভারে পেনাল্টি নিয়ে অনেকবারই সফল হয়েছেন। অনেকের কাছে গোলকিপারকে ফাঁকি দিতে পেনাল্টি শট নিতে দৌড় দিয়ে একটু থেমে যাওয়াটা ফুটবলের আধুনিক কৌশল। কিন্তু এই প্রশ্নও উঠছে, পেনাল্টি শট নিতে দৌড় দিয়ে থেমে যাওয়ার এই কৌশল থেকে সরে আসার সময়টা কি এখন? ফিফার নিয়ম অনুযায়ী, বল কিক করার ঠিক আগে মুহূর্ত ছাড়া দৌড়ানোর যেকোনো পর্যায়ে খেলোয়াড়েরা গতি কমাতে বা ছক পরিবর্তন করতে পারবেন। অতীতে জন অল্ড্রিজ, হুগো সানচেজ কিংবা পেলে পেনাল্টিতে বাড়তি সুবিধা পেতে এই কৌশলকে আশ্রয় নিয়েছেন। তবে গোলরক্ষক যদি আগেভাগেই কোনো একদিকে ঝাঁপিয়ে না পড়ে নিজের জায়গায় অন্য থাকেন, তবে এই কৌশল চরমভাবে বুঝেই হতে পারে। চলতি বিশ্বকাপে পেনাল্টি নেওয়ার সময়

এভাবে গতি কমিয়ে এমবাপে একাই মিস করেননি। তাঁর সঙ্গী হয়েছেন ব্রুনো গিয়ারাইস, জর্জেন স্ট্যান্ডার্ড লারসেন, লিওনেল মেসি ও হ্যারি কেইন। অবশ্য কেইন ক্রোয়েশিয়ার বিপক্ষে আবার পেনাল্টি শট নেওয়ার সুযোগ পেয়ে দ্বিতীয়বার থমকে না গিয়ে সাধারণভাবে নেওয়া শটে গোল করেন। বিবিসি জার্মিছে, এবার বিশ্বকাপে টাইব্রেকারসহ মোট ২৬টি



পেনাল্টি নেওয়া হয়েছে এই থমকে যাওয়া কৌশলে। এর মধ্যে ১১টি থেকেই গোল আসেনি। অর্থাৎ এই কৌশলে গোল পাওয়ার হার মাত্র ৫৭ শতাংশ। ব্রিটিশ সর্ববাদ্যমধ্যম আইটিভিকে অর্সেনাল কিংবদন্তি ইয়ান হাউট এ নিয়ে বলেন, “মনে হচ্ছে থমকে যাওয়ার কৌশল গোলরক্ষকেরা ধরে ফেলেছেন। তারা এ ধরনের শটের গতিপ্রকৃতি বেশ ভালোভাবেই বুঝে গেছেন।” পাল্টা যুক্তি হতে পারে, মার্কো আরনাউতোভিচ, নেইমার, এমবাপে, ক্রিস্টিয়ানো রোনাল্ডো, কাই হাভার্টজ তো একই কৌশলে এবার পেনাল্টি থেকে গোল পেয়েছেন। কিন্তু পরিসংখ্যান জানাচ্ছে, থমকে না গিয়ে সাধারণ গতিতে

দৌড়ে নেওয়া ৩৫ পেনাল্টির মধ্যে গোল হয়েছে ২৪টিতে। অর্থাৎ স্বাভাবিক কৌশলে সফলতার হার ৬৮ শতাংশ। তবে সব মিলিয়ে এবার বিশ্বকাপে পেনাল্টি থেকে গোল সফলতার হার মোটেই সম্ভ্রোযজনক নয়। এবারের বিশ্বকাপে টাইব্রেকার বাদে পেনাল্টি মিসের হার ৬০ শতাংশ। ১৯৬৬ সালে পেনাল্টির পরিসংখ্যান রাখা শুরু হওয়ার পর

থেকে যেকোনো বিশ্বকাপে এটি দ্বিতীয় সর্বোচ্চ মিসের রেকর্ড। যদি টাইব্রেকারকেও এই হিসাবে যোগ করা হয়, তবে মিসের হার বেড়ে দাঁড়ায় ৬৫ শতাংশে। ১৯৬৬ সালের পর যেকোনো বিশ্বকাপে ইতিহাসে এটি সর্বোচ্চ পেনাল্টি মিসের রেকর্ড। ফ্রান্সের হয়ে এটি এমবাপের দ্বিতীয় পেনাল্টি মিস। জাতীয় দলে ১৬টি পেনাল্টির ১৪টিতেই গোল করেছেন। ক্লাব ফুটবলে সাফল্যের হার কিছুটা কম-৬২টি পেনাল্টিতে ৫০ গোল। অবশ্য গতকাল রাতে এমবাপের পেনাল্টি শটের সামনে ছিলেন খুব কটন এক প্রতিপক্ষ। মরক্কো গোলকিপার বুনু এখন পর্যন্ত বিশ্বকাপে টাইব্রেকারসহ ৯টি পেনাল্টির মুখোমুখি হয়ে দুটোতে গোল হজম

করেছেন। বাকি ৭টির মধ্যে ৪টি সেভ, ২টি পোস্টে লেগেছে এবং অন্যটি পোস্টের বাইরে ছিল। টাইব্রেকারসহ বিবেচনা করলে বিশ্বকাপে বুনু এখন যৌথভাবে সর্বোচ্চ পেনাল্টি সেভ করা গোলকিপার। এর আগে তাঁর সমান ৪টি সেভ করেছেন জার্মানি টনি শুমাখার, আর্জেন্টিনার গয়কারিয়া, স্পেনের ক্যাসিয়াস ও ক্রোয়েশিয়ার লিভাকোভিচ। মরক্কোর বিপক্ষে পেনাল্টি নেওয়ার আগে এমবাপেকে যে দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়েছে, সেটিও সম্ভবত তাঁর বিপক্ষে গেছে। ভিএসএর হস্তক্ষেপের কারণে পেনাল্টির বাঁশি বাজা থেকে প্রায় ৩ মিনিট ১২ সেকেন্ড পর শটটি নেন এমবাপে। আয়ারল্যান্ডের প্রাক্তন মিডফিল্ডার রয় কিন এ নিয়ে আইটিভিকে বলেন, “৩ মিনিটের বেশি সময় ধরে অপেক্ষা করতে বাধ্য করানোটা অন্যায়। এমন মুহূর্তে সময় হলো স্ট্রাইকারদের প্রধান শত্রু। দীর্ঘ অপেক্ষার সুবিধা গোলরক্ষক ও পেনাল্টি হজম খাওয়া দলই পায়।” ম্যাচ শেষে এমবাপের কথাতেও বোঝা যায়, পেনাল্টি শটটি নেওয়ার আগে দীর্ঘ অপেক্ষায় মনঃসংযোগ হরান। শুনুন তাঁর মুখেই, “উসমান বলটা আমার দিকে বাড়িয়ে দেয়। এরপর আমি কিংক নেওয়ায় মনোযোগ দেওয়ার চেষ্টা করছি, ঠিক তখনই রেফারি বললেন, এটা পেনাল্টি নয়...বলটা আবার তুলে নিয়ে মাঠে বসাই। রেফারি ফিরে এসে বললেন, হ্যাঁ, এটা পেনাল্টিই। কিন্তু এরপরই আবার বলল, একটা দাঁড়াও, দুই মিনিট আগের একটি খেলার মুহূর্ত রিভিউ করতে হবে। শেষ পর্যন্ত আমি মনোযোগ হারিয়ে ফেলি।” এমবাপের মনের মধ্যে আসলে কী ঘটেছিল, সেটা ব্যাখ্যা করতে পারেননি। কিন্তু এমবাপের মনে তে বেশি সংশয় তৈরি হতে থাকবে।”

প্রকাশিত

সুচিকিৎসা

২৮ বর্ষ • অক্টম সংখ্যা • ১ জুলাই ২০২৬

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন